

গত ১৮-০৫-২০১৪ তারিখে Millennium Multimedia (Pvt.) Ltd এর অনুকূলে MILLENNIUM TV USA (বিশ্ব জুড়ে বাংলা) শিরোনামের একটি চারুকর্মের কপিরাইট রেজিস্ট্রেশন করা হয়। বিশেষভাবে উপস্থাপিত 'M' চারুকর্মটির নীচের অংশে একটি লাইনের মধ্যবর্তী স্থানে MILLENNIUM TV শব্দগুলো চারুকর্মটির অংশ হিসেবে উপস্থাপন করা হয়েছে। অন্যদিকে চারুকর্মটির নীচে গ্লোগান হিসেবে “বিশ্ব জুড়ে বাংলা” কথাটি লেখা আছে। এতে করে “বিশ্ব জুড়ে বাংলা” শব্দটি চারুকর্মটির অংশ হিসেবে প্রতীয়মান হয় না। কারণ এটি একটি গ্লোগান, গ্লোগান কখনো চারুকর্মের অংশ হিসেবে কপিরাইট পাওয়ার অধিকারী নয়। উল্লেখ্য যে, কপিরাইট রেজিস্ট্রেশন কোন নামকে সুরক্ষা প্রদান করেনা। এক্ষেত্রে শিল্পকর্মটির নাম MILLENNIUM TV USA এবং ব্র্যাকেটে কেবল বিশ্ব জুড়ে বাংলা গ্লোগানটি লেখা ছিলো। কপিরাইট আইনানুযায়ী কেবল চারুকর্মটিকে রেজিস্ট্রেশন দেয়া হয়েছিল। গ্লোগানটিকে নয়। তবে শিল্পকর্মের নাম হিসেবে এটি সর্বপ্রথম কবে প্রকাশিত হয়েছিল এ ধরণের প্রশ্নের ক্ষেত্রে সার্টিফিকেটে উল্লিখিত সময় অনুযায়ী গ্লোগানটি শিল্পকর্মের নামের টাইটলে উল্লেখ করা হয়েছিল মর্মে Millennium Multimedia (Pvt.) Ltd কর্তৃপক্ষ তা প্রতিষ্ঠা করার সুবিধা নিতে পারেন।

তবে নথি পর্যালোচনায় এটা স্পষ্ট যে, Millennium Multimedia (Pvt.) Ltd যে চারুকর্ম রেজিস্ট্রেশন করেছেন তাতে বিশ্ব জুড়ে বাংলা কথাটি উক্ত রেজিস্ট্রেশনকৃত চারুকর্মের অবিচ্ছিন্ন অংশ হিসেবে ছিলো না। তিনি কেবল চারুকর্মের সুরক্ষা পাওয়ার অধিকারী, উল্লিখিত গ্লোগানের নয়।

অন্যদিকে বাংলা টিভি কর্তৃপক্ষ যে চারুকর্মটি দাখিল করেছেন সেটি মিলেনিয়াম টিভির চারুকর্ম থেকে সম্পূর্ণ পৃথক। আবেদনকারী চারুকর্মের অংশ হিসেবে অবিচ্ছিন্নভাবে বা অভ্যন্তরে “বাংলা ও BANGLA TV” কথাগুলো জুড়ে দিয়েছেন। যা চারুকর্মের অংশ হিসেবে বিবেচিত হবে। কিন্তু চারুকর্মটির নীচে বিচ্ছিন্নভাবে বিশ্ব জুড়ে বাংলা নামে যে গ্লোগান উল্লেখ করেছেন, উক্ত গ্লোগানটি চারুকর্মের অংশ হিসেবে বিবেচিত হবে না।

বর্ণিত অবস্থায়, আবেদনকারীর অনুকূলে বাংলা টিভি শিরোনামের চারুকর্মটির কপিরাইট রেজিস্ট্রেশনের আবেদন মঞ্জুর করা হলো।